# চট্টগ্রামে আওয়ামী লীগের ৫ নারীসহ ১৫ নেতাকর্মী আটক



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম নগরের ডবলমুরিং থানা এলাকায় একটি বাসায় অভিযান চালিয়ে আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের ১৫ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ। তাদের মধ্যে পাঁচজন নারী।

শনিবার (১৫ আগস্ট) বিকেলে মনসুরাবাদ ওয়াপদা কলোনির পাশে হাজী ফজলুল করিম চৌধুরী 'রয়েল টাচ' অ্যাপার্টমেন্টের একটি ফ্ল্যাটে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

পুলিশ জানায়, ১৫ আগস্ট উপলক্ষে ওই ফ্ল্যাটে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা আলোচনা করতে জড়ো হয়েছেন—এমন খবর পেয়ে সেখানে অভিযান চালানো হয়। বিকেল সাড়ে ৩টা থেকে সন্ধ্যা পৌনে ৭টা পর্যন্ত অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকদের মধ্যে রয়েছেন কৃষক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির স্থানীয় সরকারবিষয়ক সম্পাদক ও চট্টগ্রাম জেলা পরিষদের সাবেক সদস্য অ্যাডভোকেট উম্মে হাবিবা, হালিশহর থানা আওয়ামী লীগের দপ্তরবিষয়ক সম্পাদক মো. ইস্কান্দার মির্জা, চট্টগ্রাম মহানগর বঙ্গবন্ধু পরিষদের ধর্মবিষয়ক সম্পাদক শুভ আইচ, চন্দনাইশের সাবেক ভাইস চেয়ারম্যান ও চট্টগ্রাম দক্ষিণ জেলা যুবমহিলা লীগের যুগ্ম আহ্বায়ক কামেলা খানম রুপা, মহানগর মহিলা আওয়ামী লীগের সদস্য সুজলা অন্তরা এবং বঙ্গবন্ধু পরিষদের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক শারমিনা ইয়াসমিন নিশু।

এ ছাড়া সঞ্জয় কান্তি নাথ, এস এম সালাউদ্দিন, আহসান আবিদ, সুলতান মাহমুদ জিদান, পার্থ প্রতিম নন্দী, যীশু রায় চৌধুরী, মশিউর রহমান আবীর, আয়েশা হেভেন ও মোহাম্মদ জাকির হোসেনকে আটক করা হয়েছে।

পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, এ ঘটনায় ডবলমুরিং থানায় মামলা হয়েছে। জিজ্ঞাসাবাদ শেষে আটক ব্যক্তিদের আদালতে পাঠানো হয়েছে।